

যুগান্তর

শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে নিরলস কাজ করছি

অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

প্রকাশ : ১৯ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট, নবাবগঞ্জ



অবহেলিত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার চেষ্টা করছি। এজন্য নিরলস কাজ করছি। বিগত সময়ে যেসব উন্নয়ন হয়নি তা করতে চাই। রোবার বিকালে ঢাকার নবাবগঞ্জের নয়নশ্রী খানেপুর উচ্চ বিদ্যালয়ের চার তলা ভবনের ভিত্তিপ্রস্তর, প্রবীণ শিক্ষকের বিদায় ও কৃতী শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠানে সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি এসব কথা বলেন। তিনি একই দিন সকাল থেকে নবাবগঞ্জের খারশুর ব্রিজ সংলগ্ন মহাকবি কায়কোবাদ গেটের ফলক উন্মোচন, চূড়ান্ত উপস্থান্ত্য কেন্দ্রের সংক্ষার কাজ ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

এ সময় সালমা ইসলাম এমপি বলেন, ‘সবার জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা’ নিশ্চিত ও সহজলভ্য করতে সরকার সাধারণ মানুষের দোরগোড়ায় কমিউনিটি ক্লিনিক স্থাপন করেছে। যেখানে দরিদ্র, অসহায় ও প্রাতিক জনগোষ্ঠীর মানুষ ওষুধ ও চিকিৎসাসেবা পায়।

চিকিৎসকদের উদ্দেশে তিনি বলেন, মাতৃস্থান্ত্য উন্নয়ন, শিশুমৃত্যুর হার হ্রাসসহ বয়োবৃদ্ধদের প্রতি বিশেষভাবে নজর দিতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে পরিচালিত সরকার রাষ্ট্রের সব নাগরিকের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে কাজ করছে। সরকারের এ স্বাস্থ্য নীতি এগিয়ে নিতে সবাইকে সেবার মনোভাব নিয়ে এগিয়ে আসতে হবে।

এছাড়া খানেপুর উচ্চ বিদ্যালয়ের বার্ষিক বিজ্ঞান মেলা, বিতর্ক প্রতিযোগিতা ও পুরুষার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি। এ সময় তিনি বলেন, দেশ ও জাতির উন্নয়নে শিক্ষার বিকল্প নেই। ঘনবস্তিপূর্ণ এই দেশে জনসংখ্যাকে বোঝা মনে করা যাবে না। জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করতে হবে।

এই অঞ্চলের শিক্ষার্থীদের বিজ্ঞান ও ইংরেজি শিক্ষায় অনগ্রসরতা কাটিয়ে উঠতে শিক্ষকদের বলিষ্ঠ ভূমিকা পালন করা জরুরি। সরকারের শিক্ষার সুযোগকে কাজে লাগিয়ে আমাদের উন্নয়নে এগিয়ে যেতে হবে।

আমি শিক্ষকদের অনুরোধ করব, বিগত সময়ের চেয়ে বর্তমানে আপনাদের জীবনযাত্রার মান উন্নয়নে বর্তমান সরকার ব্যবহৃত প্রহণ করেছে। তেমনি আপনারাও শিক্ষার মান উন্নয়ন, শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার পথ সুগম করে দেশের উন্নয়নে অবদান রাখুন। শিক্ষার আলো ঘরে ঘরে পোঁছে দিন। আমার সহযোগিতা হাত আপনাদের জন্য সব সময় প্রসারিত থাকবে।

সালমা ইসলাম এমপি আরও বলেন, আপনাদের সহযোগিতায় আমি সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর দোহার ও নবাবগঞ্জের প্রতিটি এলাকার রাস্তাঘাটের ব্যাপক উন্নয়ন হয়েছে। এখন মানুষ দ্রুত যে কোনো স্থানে যাতায়াত করতে পারছে। আগামী দিনগুলোতে আপনারা আমার সঙ্গে থাকলে পর্যায়ক্রমে এই অঞ্চলের প্রতিটি কাঁচা সড়ক পাকা করার চেষ্টা করব ইনশাআল্লাহ। আপনারা আমাকে আর পাঁচটি বছর সময় দিন। তখন কোনো উন্নয়নকাজ বাকি থাকবে না।

আমি দ্রুত রাজধানীর সঙ্গে এই অঞ্চলের সড়কগুলো সংযুক্ত করার চেষ্টা করছি, যাতে আপনারা কম সময়ে স্বল্প ভাড়ায় যে কোনো স্থানে যেতে পারেন। ইতিমধ্যেই জিঞ্জিরা-কেরানীগঞ্জ-নবাবগঞ্জ-দোহার-শ্রীনগর সড়ক প্রশস্ত করার কাজ শুরু হয়েছে। আমার স্বামী যমুনা গ্রন্তের চেয়ারম্যান মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম ও আমি জীবনের বাকি সময়টা আপনাদের সেবা ও কল্যাণে ব্যয় করতে চাই, এটাই আমার প্রত্যাশা।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী সচিব শাকিল আহমেদ, নবাবগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা তোফাজ্জল হোসেন, ডা. মো. শহীদুল ইসলাম, প্রকৌশলী মো. শাজাহান, জাতীয় পার্টি ঢাকা জেলার মুগ্ধ সাধারণ সম্পাদক জুয়েল আহমেদ, উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক মো. জালাল উদ্দিন, উপজেলা ভাইস চেয়ারম্যান মরিয়ম জালাল শিমু, আওয়ামী লীগ নেতা ব্যারিস্টার এনায়েত বাতেন রাসেল, সামসুন্দীন আহমেদ, আনিস মাস্টার, মুক্তিযোদ্ধা মোশারফ হোসেন খান, আবুল হোসেন মোড়ুল, আবদুল বাছেত, প্রধান শিক্ষক আমজাদ হোসেন, ইউপি চেয়ারম্যান আবেদ হোসেন, আবদুল জলিল বেপারি, রিপন মোল্লা, জাতীয় পার্টির নেতা জাহাঙ্গীর চোকদার, খলিলুর রহমান, এমএ মজিদ, একেএম আবদুল হালিম, আসাদুজ্জামান চৌধুরী রানা, খন্দকার মোয়াজ্জেম হোসেন, সাহিদুল হক খান, আনোয়ার হোসেন মোড়ুল, ওয়াসিম আহমেদ, আবদুস সালাম, শাহাদাত হোসেন, মহসীন মিয়া, তাজুল ইসলাম, ফরিদ হোসেন, আজিজুর রহমান, নারী নেতৃী আইরিন গমেজ, রেশমী হোসেন আজাদ, তাজিনিনা আহমেদ, নাস্তি আহমেদ, মো. ইয়াছিন, আক্তার মেম্বার, সামসুল ইসলাম, যুবসংহতি নেতা এসএম মোস্তারীম মিথুন, মো. সেলিম, তুহিন হোসেন, ছাত্র সমাজের ইফতিয়াজ মাসুদ, খলিল দেওয়ান, ইমরান হোসেন, মিজানুর রহমান, নাহিদ, তুষার, শুভ তালুকদার, আমান প্রমুখ।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।